তারিখ ... 21 NOV 1995
পৃষ্ঠা ৫ কলাম ৩

দৈনিক সংবাদ ৬

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# ভোলায় ভুয়া শিক্ষা প্রতিষ্ঠানের নামে সরকারি টাকা আত্মসাৎ

ভোলা, ২০শে নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।- ভোলার বিভিন্ন থানায় শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার নামে সরকারি অনুদান ও অর্থ আত্মসাতের ব্যবসায় এখন জেঁকেবসেছে।

এমনি একটি ভুয়া শিক্ষা প্রতিষ্ঠানের সাথে জড়িতদের বিরুদ্ধে ভোলার ম্যাজিস্ট্রেট কোর্টে একটি মামলা দায়ের হয়েছে (মামলা নং এস, বি-২৩৭৩/৯৫)। মামলাটি দায়ের হয়েছে গত ৪-১১-৯৫ইং।

মামলায় অভিযোগ করা হয়, ১৯৯৪ সালে চরফ্যাশন থানার কুতুবগঞ্জে 'কুতুবগঞ্জ নিম্ন মাধ্যমিক বিদ্যালয় নামে একটি ভুয়া প্রতিষ্ঠান গড়ে কতিপয় ব্যক্তি সরকারি অনুদান ও অর্থ আত্মসাতের চেষ্টা করছে। জনৈক মোঃ ফয়েজ উল্লাহ প্রধান শিক্ষক সেজে কোন রকমে একটি ঘর তুলে ভুয়া কাগজপত্র তৈরি করে কর্তৃপক্ষের কাছে রেজিস্ট্রেশন চেয়েছে। এ ফয়েজ উল্লাহ নিজে একই এলাকার নাজিম উদ্দিন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের একজন সহকারী শিক্ষক হিসেবে নিয়মিত সরকারি অনুদান পেয়ে আসছেন। এখন অধিক লাভবান হবার আশায় নিজেই একটি ভুয়া শিক্ষা প্রতিষ্ঠান ছাড় করিয়ে প্রধান শিক্ষক সেজেছেন।

ইতিমধ্যে স্থানীয় সংসদ সদস্যের কোটা থেকে ৩ মেঃ টন গম ও ফ্যাসিলিটিজ বিভাগ থেকে ৫ হাজার টাকা তুলে সম্পূর্ণ টাকা আত্মসাৎ করেছে বলে মামলায় উল্লেখ করা হয়।

এ মামলার পরিপ্রেক্ষিতে ম্যাজিস্ট্রেট সৈয়দ আহসানুল হক গত ৪ঠা নভেম্বর চরফ্যাশন থানাকে তদন্তের নির্দেশ প্রদান করেছেন।